

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রাজনগর, মৌলভীবাজার।  
[www.rajnagar.moulvibazar.gov.bd](http://www.rajnagar.moulvibazar.gov.bd)

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০৫.০২.০১০.২১. ১০৬

তারিখ: ৩৪ /০৭/২০২৩ খ্রি:

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চির তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। এ উপজেলার সকল ক্লাস-কলেজ ও তদুর্ধৰ পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল।

### প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস প্রাবলিক ভিউ থাকতে হবে ;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে ;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে ;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে ;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে ;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে ;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে ;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে ;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয় ;
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে ; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর : ০১৭৩০-৩৩১০৭১, ই-মেইল : [unorajnagar@mopa.gov.bd](mailto:unorajnagar@mopa.gov.bd) ; [unorajnagar16@gmail.com](mailto:unorajnagar16@gmail.com)

অনুরোধক্রমে

১৫.০৮.২০২৩  
(মোঃ শরীফ উদ্দিন)  
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)  
রাজনগর, মৌলভীবাজার।  
ফোন নম্বর- ০৮৬২৫-৭৫০০২  
Email: [unorajnagar@mopa.gov.bd](mailto:unorajnagar@mopa.gov.bd)